জনতা ব্যাংক লিমিটেড
উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট

সূত্রঃ পিডি/ডিজিএম/নন-ক্লারিক্যাল/গ্রীষ্মকালীন পোষাক/২৩/৫৬

তারিখঃ ১২.০৪.২০২৩

সকল মহাব্যবস্হাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা/
জনতা ব্যাংক স্টাফ কলেজ ও রিজিওনাল স্টাফ কলেজসমূহ/
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী
বাংলাদেশ।

বিষয়ঃ ২০২৩ সালে অত্র ব্যাংকের গ্রীষ্মকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের গ্রীষ্মকালীন পোষাকের মূল্য পুনঃভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০২৩ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের গ্রীষ্মকালীন পোষাকের মূল্য নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী পুনঃভরণ পদ্ধতিতে প্রদান করা যাবে ঃ

(ক) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী (পুরুষ)ঃ

ক্র: নং	কর্মচারীর ধরন	পোষাকের বিবরন	মোট মূল্য(টাকা)
১।	কেয়ারটেকার/কেয়ারটেকার পিয়ন/পিয়ন,ম্যাসেঞ্জার, ড্রাইভার, ইলেকট্রিশিয়ান/প্লাম্বার,পরিচ্ছন্নতা কর্মী/পিয়ন-কাম-ম্যাসেঞ্জার /কেয়ারটেকার ক্লিনার/বাস হেলপার/ লিফটম্যান/মালি/কুক)।	প্রত্যেক কর্মচারীর জন্য ৩টি ফুল প্যান্ট ও ৩টি ফুল শার্ট। (নেভী ব্লু প্যান্ট ও সাদা ফুল শার্ট)	৩,৮৫০/- (সেলাই মজুরীসহ)
২।	কেয়ারটেকার গার্ড/ব্যাংক গার্ড/আর্ম গার্ড।	প্রত্যেক কর্মচারীর জন্য ৩টি ফুল প্যান্ট ও ৩টি ফুল শার্ট। (খাকি কাপড়ের শার্ট ও প্যান্ট)	৩,৮৫০/- (সেলাই মজুরীসহ)

(খ) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী(মহিলা)ঃ

ক্র: নং	কর্মচারীর ধরন	পোষাকের বিবরন	মোট মূল্য(টাকা)
১।	কেয়ারটেকার পিয়ন/পিয়ন/ম্যাসেঞ্জার, পরিচ্ছন্নতা কর্মী/পরিচ্ছন্নতা কর্মী (পিয়ন-কাম-ম্যাসেঞ্জার)।	প্রত্যেক কর্মচারীর জন্য ৩টি সুতী শাড়ী,৩টি সুতী পেটিকোট ও ৩টি সুতী ব্লাউজ।	৪,৬০০/- (সেলাই মজুরীসহ)

নিয়মাবলী/শর্তাবলীঃ

১। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্ল্যারিক্যাল কর্মচারী(কেয়ারটেকার/কেয়ারটেকার পিয়ন/পিয়ন/ম্যাসেঞ্জার, ড্রাইভার, ইলেকট্রিশিয়ান/প্লাম্বার, পরিচ্ছন্নতা কর্মী(পিয়ন-কাম-ম্যাসেঞ্জার), কেয়ারটেকার ক্লিনার, বাস হেলপার, লিফটম্যান, কেয়ারটেকার গার্ড/ব্যাংক গার্ড/আর্ম গার্ড, মালি/কুক) ৬৫:৩৫% টেট্রন : কটন সাদা কাপড়ের ৩(তিন)টি ফুল শার্ট এবং ১০০% পলিস্টার নেভী ব্লু কাপড়ের ৩ (তিন)টি ফুল প্যান্ট প্রতিষ্ঠিত কোন দোকান হতে ক্রয় ও প্রতিষ্ঠিত কোন দর্জির দোকান কর্তৃক পোষাক সেলাইয়ের পর উপরে বর্ণিত হারে (প্রতিজন ৩,৮৫০/-টাকা) কাপড় ক্রয় ও সেলাইয়ের মজুরীর রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে দাখিল করা সাপেক্ষে পোষাকের মূল্য পুন:ভরণ পদ্ধতিতে গ্রহণ করতে পারবেন।

২। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্ল্যারিক্যাল কর্মচারী (কেয়ারটেকার গার্ড/ব্যাংক গার্ড/আর্ম গার্ড) ৬৫:৩৫% টেট্রন : কটন খাকী কাপড়ের ৩(তিন)টি ফুল শার্ট এবং ১০০% পলিস্টার খাকী কাপড়ের ৩(তিন) টি ফুল প্যান্ট প্রতিষ্ঠিত কোন দোকান হতে ক্রয় ও প্রতিষ্ঠিত কোন দর্জির দোকান কর্তৃক পোষাক সেলাইয়ের পর উপরে বর্ণিত হারে (প্রতিজন ৩,৮৫০/-টাকা) কাপড় ক্রয় ও সেলাইয়ের মজুরীর রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে দাখিল করা সাপেক্ষে পোষাকের মূল্য পুন:ভরণ পদ্ধতিতে গ্রহণ করতে পারবেন।

চলমান পাতা-০২

সুত্রঃ পিডি/ডিজিএম/নন-ক্লারিক্যাল গ্রীষ্মকালীন পোষাক/২৩/৫৬ তারিখঃ ১২.০৪.২০২৩

বিষয়: ২০২৩ সালে অত্র ব্যাংকের গ্রীষ্মকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের গ্রীষ্মকালীন পোষাকের মুল্য পুন:ভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসংগে।

৩। প্রত্যেক স্থায়ী মহিলা নন-ক্লারিক্যাল কর্মচারী ৩(তিন)টি সুতি শাড়ী, ৩(তিন)টি সুতি পেটিকোট ও ৩(তিন)টি সুতি ব্লাউজ প্রতিষ্ঠিত কোন দোকান হতে ক্রয় করে উপরে বর্ণিত হারে(প্রতিজন ৪,৬০০/-টাকা)স্ব-স্ব নিয়ন্ত্রক অফিসে রশিদ দাখিল করা সাপেক্ষে পোষাকের মুল্য পুন:ভরণ পদ্ধতিতে গ্রহণ করতে পারবেন।

৪। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্লারিক্যাল কর্মচারী(পিয়ন/ম্যাসেঞ্জার, কেয়ারটেকার, ড্রাইভার প্রভৃতি) ক্যাটাগরির কর্মচারীদের শার্টের বাম পার্শ্বে পকেটের উপরের অংশে জনতা ব্যাংক লিমিটেডের মনোগ্রাম যুক্ত আকাশি কালার এবং গার্ডদের শার্টের বাম পার্শ্বের উপরের অংশে ব্যাংকের মনোগ্রাম যুক্ত ব্লু রংয়ের সুতা দ্বারা জনতা ব্যাংক লিমিটেড কথাটি (বাংলায়) এমব্রয়ডারী লিখন থাকতে হবে ।

৫। প্রধান কার্যালয়ের সকল স্থায়ী নন ক্লারিক্যাল কর্মচারীদের পোষাক সেলাইয়ের বিল/ভাউচার এর পিছনে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের দায়িত্বপ্রাপ্ত অফিসার কর্তৃক কাপড় ক্রয় ও সেলাইয়ের বিষয়ে নিশ্চিত হয়ে কর্মচারীর সহি সত্যায়িত করে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্টে পরিশোধের জন্য প্রেরন করতে হবে।

৬। পি.আর.এল ভোগরত স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীগন গ্রীষ্মকালীন পোষাক (ইউনিফরম) পাওয়ার যোগ্য হবে না।

৭। নির্দেশ বিজ্ঞপ্তি নং-২০১৭ তারিখ ১০-০১-১৯৮৭ এর আলোকে নন-ক্লারিক্যাল কর্মচারীদের চাকুরীর মেয়াদ সার্কুলার ইস্যুর তারিখে ৬ (ছয়) মাস পূর্ণ হলে উক্ত সুবিধা পাবেন।

৮। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্তকালীন সময়ে গ্রীষ্মকালীন পোষাক পাওয়ার যোগ্য হবেন না। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ পরবর্তীতে পুর্নবহাল হয়ে চাকুরীতে নিয়মিত হলে তারা উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবেন। তবে গ্রীষ্মকালীন পোষাকের মূল্য কোনভাবেই এরিয়ার হিসেবে প্রদান করা যাবে না।

৯। উল্লেখ্য যে, কর্মচারীগণ কর্তৃক পোষাকের কাপড় ক্রয় ও পোষাক সেলাই কার্য সম্পন্ন করার সরকারী বিধিমালা অনুযায়ী কাপড়ের মুল্য ও সেলাই মজুরী প্রদানকালে ৭.৫% হারে অর্থাৎ পুরুষ কর্মচারীদের নিকট হতে সর্বমোট **২৬৯/-(দুইশত উনসত্তর)টাকা** ও মহিলা কর্মচারীদের নিকট হতে **৩২১/-(তিনশত একুশ)টাকা** ভ্যাট কর্তন করে কর্তনকৃত ভ্যাট একীভুত আকারে বিভাগীয়/এরিয়া অফিস এর মাধ্যমে প্রধান কার্যালয়ের উপর সিআইবিটিসিএ ইস্যু করে আগামী ১(এক) মাসের মধ্যে **এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ১১০,মতিঝিল, বা/এ, ঢাকায়** প্রেরন করতে হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, কোন কোন বিভাগীয় অফিস/এরিয়া অফিস/শাখা হতে সিআইবিটিসিএসমুহ প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরন করা হয় যা মোটেও কাম্য নয়।

১০। কর্মচারীগন যাতে যথাযথ ইউনিফরম পরিধান করে প্রতিদিন অফিসে দায়িত্ব পালন করেন সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে।

আপনাদের বিশ্বস্ত,

(আঃ রাজ্জাক ভূঞা)
সহকারী মহাব্যবস্থাপক

(মোঃ শাখাওয়াত হোসেন)
উপ-মহাব্যবস্হাপক